গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা
www.gobindaganj.gaibandha.gov.bd

স্মারক নম্বর : ০৫.৫৫.৩২৩০.০০২.০২.০০২.২৬.২৬

তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

## ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ খাস জলাশয়সমূহের ১৪৩৩- ১৪৩৫ বাংলা সনের ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা গোবিন্দগঞ্জ উপজেলাধীন সকল নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতিকে জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুযায়ী গাইবান্ধা জেলাধীন গোবিন্দগঞ্জ উপজেলার ২০ (বিশ) একর পর্যন্ত ৭৮ (আটাত্তর) টি বদ্ধ খাস জলমহালসমূহের ১৪৩৩ বাংলা সনের ১লা বৈশাখ হতে ১৪৩৫ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের জন্য নির্ধারিত ফরমে দরপত্র সিডিউলের মাধ্যমে বিজ্ঞপ্তির তথ্যাদি ও শর্তসমূহের ভিত্তিতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

### জলমহালের তালিকা

| ক্র. নং | জলমহালের নাম | জলমহালের অবস্থান/ ইউনিয়ন এর নাম | জলমহালের তফশিল | সরকারি মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | বড় পুকুর | কামদিয়া | মৌজা- চিয়ারগাও, জেএলনং- ২৪, খংনং- ০১, দাগনং- ৩২৭, জমি- ১.৩ একর। | ৬৩,০০০/- | ৫০০/- |
| ০২ | আখিড়া | কামদিয়া | মৌজা- এনায়েতপুর, জেএলনং- ১১, খংনং- ০১, দাগনং- ৩১, জমি- ২.৩ একর। | ৩৭,৮০০/- | ৫০০/- |
| ০৩ | বালিয়াগাতি | কামদিয়া | মৌজা- বেসাইন, জেএলনং- ২২, খংনং- ০১, দাগনং- ৪০৬, জমি- ০.৮৭ একর। | ২১,০০০/- | ৫০০/- |
| ০৪ | এসিরপুকুর | কামদিয়া | মৌজা- চিয়ারগাও, জেএলনং- ২৪, খংনং- ০১, দাগনং- ২৩১, জমি- ১.১৩ একর। | ২৬,৬৭০/- | ৫০০/- |
| ০৫ | ঘাটাগাড়ী | কামদিয়া | মৌজা- বইলগ্রাম, জেএলনং- ৩৪, খংনং- ০১, দাগনং- ৯৮, জমি- ০.০৮ একর। | ১৯,৭৪০/- | ৫০০/- |
| ০৬ | খোপা | কামদিয়া | মৌজা- ছাতিয়ানচুড়া, জেএলনং- ৬, খংনং- ০১, দাগনং- ৪৩৯, জমি- ১.০৪ একর। | ২৪,০৪৫/- | ৫০০/- |
| ০৭ | ঘোল পুকুর | কামদিয়া | মৌজা- দেওগা, জেএলনং- ১, খংনং- ০১, দাগনং- ৮৫, জমি- ০.৮০ একর। | ৫,৮৮০/- | ৫০০/- |
| ০৮ | নোয়াগাড়ী | কামদিয়া | মৌজা- বড়গাও, জেএলনং- ১৬, খংনং- ০১, দাগনং- ৩৮৪, জমি- ০.৭৪ একর। | ১০,০৮০/- | ৫০০/- |
| ১০ | ময়ুর | কামদিয়া | মৌজা- বেসাইন, জেএলনং- ২২, খংনং- ০১, দাগনং- ২৫৩, জমি- ০.৪০ একর। | ১০,০৮০/- | ৫০০/- |
| ১১ | বিলকুড়ি | কামদিয়া | মৌজা- পুয়াগাড়ী, জেএলনং- ১০, খংনং- ০১, দাগনং- ১৩৩১, জমি- ০.৪৮ একর। | ১০,৫৮৪/- | ৫০০/- |
| ১২ | কেন্দার বিল | কামদিয়া | মৌজা- বড়গাও, জেএলনং- ১৬, খংনং- ০১, দাগনং- ৩৬৭, জমি- ০.৬৭ একর। | ১৯,৯৫০/- | ৫০০/- |
| ১৩ | কোচমুড়ি | কামদিয়া | মৌজা- বড়গাও, জেএলনং- ১৬, খংনং- ০১, দাগনং- ৬২৭, জমি- ০.৮৩ একর। | ১২,৮১০/- | ৫০০/- |
| ১৪ | বাদিয়াগাড়ী | কামদিয়া | মৌজা- বইলগ্রাম, জেএলনং- ৩৪, খংনং- ০১, দাগনং- ২২২, জমি- ০.৯৪ একর। | ১৬,৮০০/- | ৫০০/- |
| ১৫ | দোঘড়া | কামদিয়া | মৌজা- পুয়াগাড়ী, জেএলনং- ১০, খংনং- ০১, দাগনং- ৮২, জমি-২.৮১ একর। | ৫১,৪৫০/- | ৫০০/- |
| ১৬ | বত্তাহার | কামদিয়া | মৌজা- বইলগ্রাম, জেএলনং- ৩৪, খংনং- ০১, দাগনং- ৮১৫, জমি- ৩.৭২ একর। | ৮৮,৭২৫/ | ৫০০/- |
| ১৭ | মরাবত্তা | কামদিয়া | মৌজা- চাজুড়া, জেএলনং- ২০, খংনং- ০১, দাগনং- ৭০, জমি- ২.১০ একর। | ২,৪৪,৬৫০/ | ৫০০/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৮ | কাঠিয়ারবিল | কামদিয়া | মৌজা-মহিষমুড়ি, জেএলনং- ৫, খংনং- ০১, দাগনং- ২৩৬, জমি- ৪.৩৪ একর। | ৮০,০১০/- | ৫০০/- |
| ১৯ | মরাগাড়ী | কামদিয়া | মৌজা-ছাতিয়ানচুড়া, জেএলনং- ৬, খংনং- ০১, দাগনং- ১২, জমি- ০.৭৪ একর। | ৬৯,৫১০/- | ৫০০/- |
| ২০ | চেনাচেনা | কামদিয়া | মৌজা- এনায়েতপুর, জেএলনং- ১১, খংনং- ০১, দাগনং- ৩৬৭, জমি- ১.৪০ একর। | ১,১২,৫৬০/ | ৫০০/- |
| ২১ | বড়দাম | কামদিয়া | মৌজা-পুয়াগাড়ি, জেএলনং- ১০, খংনং- ০১, দাগনং- ১৩৮০, জমি- ১.৫২ একর। | ৩১,৫০০/- | ৫০০/- |
| ২২ | পুকুর | কামদিয়া | মৌজা- তিরইল, জেএলনং- ৮, খংনং- ০১, দাগনং- ১৬০, জমি- ০.৫৯ একর। | ৫,২৫০/- | ৫০০/- |
| ২৩ | জোড়গাড়ী | কামদিয়া | মৌজা- শ্যামপুর, জেএলনং- ২, খংনং- ০১, দাগনং- ২৪৮, জমি- ০.৭৭ একর। | ২২,৫৭৫/- | ৫০০/- |
| ২৪ | ঠান্ডাপুকুর | কামদিয়া | মৌজা- এনায়েতপুর, জেএলনং- ১১, খংনং- ০১, দাগনং- ৯৭৫, জমি- ০.৩০ একর। | ১২,০৭৫/- | ৫০০/- |
| ২৫ | বানিয়াপুকুর | কামদিয়া | মৌজা- চিয়ারগাও, জেএলনং- ২৪, খংনং- ০১, দাগনং- ৫৪৭, জমি- ০.৫৮ একর। | ১২,০৭৫/- | ৫০০/- |
| ২৬ | কচুপাতা | কামদিয়া | মৌজা- পুয়াগাড়ী, জেএলনং- ১০, খংনং- ০১, দাগনং- ১৪৭, জমি- ০.৩৭ একর। | ১০,৫০০/- | ৫০০/- |
| ২৭ | হসকিনির বিল | কামদিয়া | মৌজা- শ্যামপুর, জেএলনং- ২, খংনং- ০১, দাগনং- ১৪৪৬, জমি- ০.৪০ একর। | ৫,৭৭৫/- | ৫০০/- |
| ২৮ | ঝঞ্জর | কামদিয়া | মৌজা-গাড়াবড়গাও, জেএলনং- , খংনং- ০১, দাগনং- ৯৫৯, জমি- ০.৪৫ একর। | ৬,৩০০/- | ৫০০/. |
| ২৯ | শামুকানকুড়ি | কাটাবাড়ী | মৌজা- বেড়াবিশুলিয়া, জেএলনং- ১৩৩, খংনং- ০১, দাগনং- ৪৯১, জমি- ১.৮১একর। | ১৫,৭৫০/- | ৫০০/- |
| ৩০ | যাদুগাড়ী | কাটাবাড়ী | মৌজা- কাটাবাড়ী, জেএলনং- ১৩৮, খংনং- ০১, দাগনং- ৬১৭, জমি- ১.০০ একর। | ২৬,২৫০/- | ৫০০/- |
| ৩১ | বড় পুকুর | কাটাবাড়ী | মৌজা- কাটাবাড়ী, জেএলনং- ১৩৮, খংনং- ০১, দাগনং- ২২৬৪, জমি- ৩.৩১ একর। | ৩৬,৭৫০/- | ৫০০/- |
| ৩২ | কালু পুকুর | কাটাবাড়ী | মৌজা- কাটাবাড়ী, জেএলনং- ১৩৮, খংনং- ০১, দাগনং- ৩০,৩৪,৩৫, জমি- ১.১৯ একর। | ৯,৭০২/- | ৫০০/- |
| ৩৩ | বিলচান্না/ চান্না | কাটাবাড়ী | মৌজা- আস্কুর, জেএলনং- ১২৭, খংনং- ০১, দাগনং- ১৫৫৩, জমি- ০.৫৬ একর। | ৩৬,৭৫০/- | ৫০০/- |
| ৩৪ | আউলার বিল | কাটাবাড়ী | মৌজা- কাটাবাড়ী, জেএলনং-১৩৮, খংনং- ০১, দাগনং- ২৩১৩, জমি- ২.৫৮ একর। | ৩৬,৭৫০/- | ৫০০/- |
| ৩৫ | কাজলা | কাটাবাড়ী | মৌজা- বেতারা, জেএলনং- ১৪০, খংনং- ০১, দাগনং- ৩০২, জমি- ১.২৯ একর। | ১,১৩,৪০০/ | ৫০০/- |
| ৩৬ | বড়চুয়া | কাটাবাড়ী | মৌজা- আস্কুর, জেএলনং-১২৭, খংনং- ০১, দাগনং- ৩৯২/৩৯৫, জমি- ০.৫৬ একর। | ৪০,১১০/- | ৫০০/- |
| ৩৭ | ফকিরগঞ্জদহ | কাটাবাড়ী | মৌজা- বোগদহ, জেএলনং- ১৩৭, খংনং- ০১, দাগনং- ২৫১/২৬৩, জমি- ৩.০০ একর। | ২৫,২০০/- | ৫০০/- |
| ৩৮ | মহিষপুকুর | কাটাবাড়ী | মৌজা- আস্কুর, জেএলনং- ১২৭, খংনং- ০১, দাগনং- ৫৭৯, জমি- ০.৮৯ একর। | ১২,১২৮/- | ৫০০/- |
| ৩৯ | আমতলী বিল | কাটাবাড়ী | মৌজা- আস্কুর, জেএলনং- ১২৭, খংনং- ০১, দাগনং- ২১৯, জমি- ০.৪৪ একর। | ৮০,৮৫০/- | ৫০০/- |
| ৪০ | মাগুড়াগাড়ী | কাটাবাড়ী | মৌজা- আস্কুর, জেএলনং- ১২৭, খংনং- ০১, দাগনং- ২৩৯, জমি- ০.৬৭ একর। | ১৮,০৬০/- | ৫০০/- |
| ৪১ | নরাইল | বিরাট | মৌজা- আলীগাও, জেএলনং- ৪০, খংনং- ০১, দাগনং- ১৩৪, জমি- ১.১০ একর। | ৫৯,২২০/- | ৫০০/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪২ | কালিকাতলা | বিরাট | মৌজা- উ:পিয়ারাপুর, জেএলনং- ৮৩, খংনং- ০১, দাগনং- ২১১, জমি- ১.৬৯ একর। | ৬৩,০০০/- | ৫০০/- |
| ৪৩ | বুড়াগাড়ী | বিরাট | মৌজা- ঝিকরাইল, জেএলনং- ৬০, খংনং- ০১, দাগনং- ৪০, জমি- ০.৭৭ একর। | ১৩.৮৬০/- | ৫০০/- |
| ৪৪ | সিদার | বিরাট | মৌজা- বরাট্র, জেএলনং- ৫৮, খংনং- ০১, দাগনং- ১৮৬১, জমি- ১.৪৩ একর। | ২৪,০৪৫/- | ৫০০/- |
| ৪৫ | নোনাহার | বিরাট | মৌজা- দেওতা, জেএলনং- ৬৩, খংনং- ০১, দাগনং- ১৫০, জমি- ১.৪৪ একর। | ২৮,৩৫০/- | ৫০০/- |
| ৪৬ | বানেরপুকুর | বিরাট | মৌজা-বানেশ্বর, জেএলনং- ৭৫, খংনং- ০১, দাগনং- ১৪৩২, জমি- ০.৩৭ একর। | ৬,৯৩০/- | ৫০০/- |
| ৪৭ | নলপুকুর | বিরাট | মৌজা- বরাট্র, জেএলনং- ৫৮, খংনং- ০১, দাগনং- ১৫৬২, জমি- ৩.৪১ একর। | ৪,৪৭,৩০০/ | ৫০০/ |
| ৪৮ | পিয়ারাপুকুর | বিরাট | মৌজা- বরাট্র, জেএলনং- ৫৮, খংনং- ০১, দাগনং- ১৩১৬, জমি- ২.৬৩ একর। | ৩,৪৮,০৭৫/ | ৫০০/- |
| ৪৯ | আষাঢ় দিঘী | বিরাট | মৌজা- বরাট্র, জেএলনং- ৫৮, খংনং- ০১, দাগনং- ২৬৩৮, জমি- ২.৫৩ একর। | ২,০৯,৪৭৫/ | ৫০০/- |
| ৫০ | ডোম | বিরাট | মৌজা- বরশাও, জেএলনং- ৬৫, খংনং- ০১, দাগনং- ১৩২, জমি- ০.৯৫ একর। | ১৮,৩৭৫/- | ৫০০/- |
| ৫১ | কামার পুকুর | বিরাট | মৌজা- নওগা, জেএলনং- ৬৯, খংনং- ০১, দাগনং- ৫৩, জমি- ১.৬৪ একর। | ২৮,৩৫০/- | ৫০০/- |
| ৫২ | হাট পুকুর | বিরাট | মৌজা- নওগা, জেএলনং- ৬৯, খংনং- ০১, দাগনং- ৯১, জমি- ২.২৩ একর। | ২১,০০০/- | ৫০০/- |
| ৫৩ | পাওয়ারগাড়ী | বিরাট | মৌজা- রোয়াগাও, জেএলনং- ২৯, খংনং- ০১, দাগনং- ৮৯৭, জমি- ০.৪৫ একর। | ৪০,৯৫০/- | ৫০০/- |
| ৫৪ | ছামিছাগাড়ী | বিরাট | মৌজা-আলীগাও, জেএলনং- ৪০, খংনং- ০১, দাগনং- ২০৫, জমি- ২.৭১একর। | ১৩,৭৮১/- | ৫০০/- |
| ৫৫ | জামাল/ মাখাল | বিরাট | মৌজা-আলীগাও, জেএলনং- ৪০, খংনং- ০১, দাগনং- ২৮১, জমি- ০.৪০ একর। | ৫,৭৭৫/- | ৫০০/- |
| ৫৬ | অন্তরাহার | বিরাট | মৌজা-আলীগাও, জেএলনং- ৪০, খংনং- ০১, দাগনং- ১৫০১, জমি- ০.৮৬ একর। | ১১,৫৫০/- | ৫০০/- |
| ৫৭ | লাভানী | বিরাট | মৌজা-আলীগাও, জেএলনং- ৪০, খংনং- ০১, দাগনং- ২৩৯, জমি- ০.৯৫ একর। | ১০,৫০০/- | ৫০০/- |
| ৫৮ | শনপুকুর | বিরাট | মৌজা- শিহিগাও, জেএলনং- ৪৫, খংনং- ০১, দাগনং- ৫০৭, জমি- ০.৭৮ একর। | ২৩,১০০/- | ৫০০/- |
| ৫৯ | শানারগাড়ী | বিরাট | মৌজা-দিঘিপাড়া, জেএলনং- ৩০, খংনং- ০১, দাগনং- ২২৩, জমি- ০.৬৬ একর। | ১১,৮৬৫/- | ৫০০/- |
| ৬০ | নিংরাগাড়ী | বিরাট | মৌজা-ঝিকরাইল, জেএলনং- ৬০, খংনং- ০১, দাগনং- ২৬৩, জমি- ০.৭৬ একর। | ৯,৭৬৫/- | ৫০০/- |
| ৬১ | মোলার | বিরাট | মৌজা-ঝিকরাইল, জেএলনং- ৬০, খংনং- ০১, দাগনং- ২৮০, জমি- ০.৪৯ একর। | ৪,৭২৫/- | ৫০০/- |
| ৬২ | শেখের | বিরাট | মৌজা- বানেশ্বর, জেএলনং- ৭৫, খংনং- ০১, দাগনং- ১৪২৬, জমি- ১.৭৬ একর। | ১২,৬০০/- | ৫০০/- |
| ৬৩ | কোচগাড়ীও খলসীগাড়ী | বিরাট | মৌজা- আলীগাও, জেএলনং- ৪০, খংনং- ০১, দাগনং- ২৬৭,২৫৮, জমি- ১.০২ একর। | ১৩,৪৪০/- | ৫০০/- |
| ৬৪ | কোচগাড়ী | বিরাট | মৌজা-রোয়াগাও, জেএলনং- ২৯, খংনং- ০১, দাগনং- ১৫৫, জমি- ০.৪৬ একর। | ৮,০৮৫/- | ৫০০/- |
| ৬৫ | মালিয়ানী | বিরাট | মৌজা- রোয়াগাও, জেএলনং- ২৯, খংনং- ০১, দাগনং- ১২২৮, জমি- ০.৮২ একর। | ৭,৭১৮/- | ৫০০/- |
| ৬৬ | বুইয়ার বিল | বিরাট | মৌজা- রোয়াগাও, জেএলনং- ২৯, খংনং- ০১, দাগনং- ৯৩২, জমি- ০.৪৭ একর। | ১০,০০০/- | ৫০০/- |
| ৬৭ | হাবের বাগ | বিরাট | মৌজা- বরাট্র, জেএলনং- ৫৮, খংনং- ০১, দাগনং- ১১৯৪, জমি- ০.৫৯ একর। | ৯,৪৫০/- | ৫০০/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬৮ | পাটাধোয়া সুন্দর | বিরাট | মৌজা- রোয়াগাও, জেএলনং- ২৯, খংনং- ০১, দাগনং- ৭৫৮/৭০১, জমি- ০.২৭একর। | ৫,৮৪৩/- | ৫০০/- |
| ৬৯ | ভুতুরগাড়ী | বিরাট | মৌজা- বানিহালী, জেএলনং- ৮৪, খংনং- ০১, দাগনং- ৫৭/৭১, জমি- ০.৫২ একর। | ৭,৩৫০/- | ৫০০/- |
| ৭০ | দুধ/দুসু | বিরাট | মৌজা- পিয়ারাপুর, জেএলনং- ৮৩, খংনং- ০১, দাগনং- ৩৪, জমি- ২.৬৩ একর। | ৬৩,০০০/- | ৫০০/- |
| ৭১ | দুধিয়া | সাপমারা | মৌজা- দুধিয়া, জেএলনং- ১৩৪, খংনং- ০১, দাগনং- ১১৪৩, জমি- ১.৯৪ একর। | ৯৪,৫০০/- | ৫০০/- |
| ৭২ | কন্যার বিল | সাপমারা | মৌজা- চৌহতপুর, জেএলনং- ১২২, খংনং- ০১, দাগনং- ১৫৮, জমি- ০.৫২ একর। | ৬,১৭৪/- | ৫০০/- |
| ৭৩ | গাড়িয়া | সাপমারা | মৌজা-পন্ডিতপুর, জেএলনং- ৮৬, খংনং- ০১, দাগনং- ৯১, জমি- ১.৪৭ একর। | ৩১,৫০০/- | ৫০০/- |
| ৭৪ | ঘোলাল | গুমানিগঞ্জ | মৌজা-চককোচমুড়ি, জেএলনং- ৮০, খংনং- ০১, দাগনং- ১০৬, জমি- ২.২৭একর। | ৩২,৫৫০/- | ৫০০/- |
| ৭৫ | খাস মহল | গুমানিগঞ্জ | মৌজা-কুন্দখালাসপুর, জেএলনং- ৯৩, খংনং- ০১, দাগনং- ৩৩৯, জমি- ০.৭২একর। | ১২,১২৮/- | ৫০০/- |
| ৭৬ | মাস্তা | কামারদহ | মৌজা-কামারদহ, জেএলনং- ২৬৬, খংনং- ০১, দাগনং- ১৯৪১, জমি- ০.৬৮ একর। | ১৫,৮৭৬/- | ৫০০/- |
| ৭৭ | পচারিয়ার বিল | রাখালবুরুজ | মৌজা-রাখালবুরুজ, জেএলনং- ২৯৯, খংনং- ০১, দাগনং-৭৩১২ , জমি- ৬.০৩ একর। | ৩১,৫৩২/- | ৫০০/- |
| ৭৮ | চক মাকড়া বিল | রাখালবুরুজ | মৌজা-চকমাকড়া, জেএলনং- ২৯৭, খংনং- ০১, দাগনং-২৪৮ , জমি- ০.৯৯ একর। | ৬৩,০০০/- | ৫০০/- |

**জলমহাল ইজারা প্রদানের পদ্ধতি**

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ০১ মাঘ থেকে ১৪ মাঘের মধ্যে/ ১৫ জানুয়ারি থেকে ২৮ জানুয়ারির মধ্যে | অনলাইনে ইজারার আবেদন দাখিল। | |
| ০২ | ১৪ মাঘ হতে পরবর্তী ০৩ (তিন)কার্যদিবস/ ২৯ জানুয়ারি থেকে ৩১ জানুয়ারির মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। | |
| ০৩ | ২০ মাঘ থেকে ২৬ মাঘের মধ্যে/ ০৩ ফেব্রুয়ারি থেকে ০৯ ফেব্রুয়ারির মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। | |
| ০৪ | ২৭ মাঘ থেকে ০৪ ফাল্গুনের মধ্যে/ ১০ ফেব্রুয়ারি থেকে ১৭ ফেব্রুয়ারির মধ্যে | উপজেলা জলমহাল কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। | |
| ০৫ | ০৫ ফাল্গুণ থেকে ২৫ ফাল্গুণের মধ্যে/ ১৮ ফেব্রুয়ারি থেকে ১০ মার্চের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। | |
| ০৬ | ০৫ ফাল্গুণ থেকে ২৮ ফাল্গুণের মধ্যে/ ১১ মার্চ থেকে ১৩ মার্চের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। | |
| ০৭ | ২৯ ফাল্গুণ থেকে ২০ চৈত্রের মধ্যে/ ১৪ মার্চ থেকে ০৩ এপ্রিলের মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। | |
| ০৮ | ১ বৈশাখ/ ১৪ এপ্রিল | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। | |

০১. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

০২. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্ট কপিসহ জলমহাল ইজারার জন্য ২০% জামানতের ব্যাংক ড্রাফট/পে অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে সংশ্লিষ্ট জেলা/উপজেলায় দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপরিভাগে **"আবেদনকৃত জলমহালের নাম" স্পষ্টভাবে বড় অক্ষরে** লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৩. জলমহালের তালিকা ওয়েবসাইটে (www.gobindaganj.gaibandha.gov.bd, www.acl.gobindaganj.gaibandha.gov.bd) অথবা সহকারী কমিশনার (ভূমি), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা এর কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৪. উপরে উল্লেখিত জলমহালসমূহের বিষয়ে বিজ্ঞ আদালতের কোন নির্দেশনা থাকলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি যাচাই-বাছাই সাপেক্ষে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**(বি.দ্রঃ ভূমি মন্ত্রণালয়ের সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ শাখা এর ১৭-১২-২৪ খ্রি. তারিখের ৬৯৪ নং স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী সকল বিষয় নির্ধারিত।**

S.Y. Sumon
05/03/2026

(সৈয়দা ইয়াসমিন সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

**শর্তাবলি:**

০১। ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে অনলাইনে jm.lams.gov.bd তে আবেদন করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দিষ্ট তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা এর কার্যালয়ে দাখিল করতে হবে। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্ট কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক বলে বিবেচিত হবে।

০২। আবেদনকারীকে উদ্ধৃত দরের ২০% অর্থ জামানত স্বরূপ যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সঙ্গে জমা করতে হবে। উক্ত জামানতের অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং সিডিউল মূল্য বাবদ ৫০০.০০ (পাঁচশত) টাকা ক্রয় করতে হবে।

০৩। জলমহালসমূহ কেবল নিবন্ধিত (সমবায়/ সমাজসেবা অধিদপ্তর) প্রকৃত মৎস্যজীবী সমিতির অনুকূলে ইজারা দেয়া হবে। তবে এক্ষেত্রে যুব মৎস্যজীবীদের (১৮-৩৫ বৎসর) নিবন্ধিত সমিতি অগ্রাধিকার পাবে। কোন অবস্থাতেই ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

০৪। জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমিতি যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বিধি মোতাবেক অগ্রাধিকার পাবেন। তবে শর্ত থাকে যে, উক্ত সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবেন না। আরো শর্ত থাকে যে, আবেদনকারী সমবায় সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করবেন ও বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করবেন। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবীদের সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরণের প্রমাণের দরকার হবে না।

০৫। আবেদনপত্রের সাথে প্রাপ্ত সদস্যদের নামের তালিকা যাচাই-বাছাইয়ের ভিত্তিতে প্রকৃত মৎসজীবী হিসেবে প্রমাণিত হতে হবে।
০৬। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বলে বিবেচিত হবে।

০৭। আবেদনকারীকে দাখিলকৃত আবেদনের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন/সমিতি ৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

০৮। স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সংগঠনগুলোর মধ্যে যে সংগঠন/সমিতি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী সে সকল প্রকৃত মৎস্যজীবী সংগঠনকে সংশ্লিষ্ট জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে। মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন কালিন অফিস ঠিকানাকে মূল ঠিকানা গণ্য করে জলমহালের দুরত্ব নির্ণয় করা হবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী মৎস্যজীবী সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয়ে বিবেচনা করা যাবে।
০৯। আবেদনকারীকে কমপক্ষে সরকারী মূল্যের সমান বা তার অধিক মূল্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এর চেয়ে কম মূল্যে জলমহাল ইজারা প্রদান করা হবে না।

১০। জলমহাল ইজারার মেয়াদ ১লা বৈশাখ হতে শুরু হবে। বছরের যেকোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করা হোক না কেন ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে কার্যকর হবে। তবে এই সময়ের মধ্যে যদি কোন কারণে খাস কালেকশন করা হয় তবে তা সরকারি খাতে জমা হবে।

১১। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারা শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের উপর ন্যস্ত হবে। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না।
১২। মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই-বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতির কোন অবৈধ কর্মকান্ডে সম্পৃক্ততা থাকলে এবং ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত যে কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা যাবে না।

১৩। আবেদনকারী আবেদিত জলমহালের ইজারামূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে দাখিলকৃত আবেদনের সাথে দাখিল করবেন। জামানতের অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।
১৪। জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা-২০০৯ এর যাবতীয় শর্ত বিবেচনা করে সংশ্লিষ্ট জলমহালের জন্য উপযুক্ত সংগঠন/সমিতির নামে জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ইজারা প্রদান করা হবে।

১৫। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।
১৬। সময়মত লীজ মানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে কোন জলমহালের লীজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথা নিয়মে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।
১৭। বন্দোবস্ত গ্রহীতা সংশ্লিষ্ট জলমহালের বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্বলিত তথ্য উপজেলা নির্বাহী অফিসারের নিকট পেশ করবেন। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি/ উপজেলা নির্বাহী অফিসার সময়ে সময়ে জলমহালগুলোর ব্যবস্থাপনা সরেজমিনে পরিদর্শন করবেন এবং কোন অনিয়ম পরিলক্ষিত হলে আইন/বিধিগত ব্যবস্থা গ্রহণ করবেন।

১৮। লীজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকেন তাহলে উক্ত লীজ বাতিল করা হবে এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। উক্ত লীজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী ৩ (তিন) বছরের জন্য জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১৯। ইজারা প্রদত্ত জলমহালগুলো ইজারা চুক্তির কোন শর্ত লংঘিত হচ্ছে কি-না সে জন্য বিদ্যমান মৎস্য আইনের আওতায় যাচাই বাছাই করে জলমহাল ইজারা চুক্তি ভঙ্গের প্রমাণ পাওয়া গেলে ইজারাদারের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২০। বন্দোবস্ত/ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রথম বছরের নির্ধারিত তারিখের মধ্যে সমুদয় ইজারা মূল্য, ১৫% ভ্যাট ও ১০% আয়কর একত্রে জমা প্রদান করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা চুক্তি সম্পাদন পূর্বক জলমহালের দখল বুঝিয়ে দেয়া হবে। নির্ধারিত তারিখের মধ্যে সমুদয় ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে জমা করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

২১। বন্দোবস্ত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না। বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলাশয় সংলগ্ন প্লাবনভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয়ে রূপ নেয় তখন ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতরে সীমাবদ্ধ থাকবে।

২২। যে সকল জলাশয় সমূহ থেকে (নদী, হাওর, খাল) জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদানে বিঘ্নিত করা যাবে না। যে সকল বদ্ধ জলমহাল বন্দোবস্ত/ইজারা দেয়া হবে সেখান থেকে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে। এ ব্যাপারে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবেন।

২৩। ইজারাকৃত জলমহালে কেহ অতিথি পাখিসহ কোন পাখি শিকার করতে পারবে না। সরকারি জলমহালের তীরে সামাজিক বনায়নের মাধ্যমে বনজ সম্পদ বৃদ্ধির ক্ষেত্রে বন্দোবস্ত গ্রহীতা সমিতি চুক্তিবদ্ধ থাকবেন।

২৪। সরকারি জলমহাল ইজারা গ্রহণকারী সমিতি সরকারি নিয়ম অনুযায়ী ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০ % আয়কর সরকার কর্তৃক নির্ধারিত কোডে জমা প্রদান করবেন।

২৫। জলমহাল/খাস পুকুর সমূহ যে অবস্থায় আছে তদাবস্থায় ইজারা প্রদান করা হবে। দরপত্র দাখিলের পূর্বেই জলমহাল সরজমিনে পরিদর্শন করে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে শুনে আবেদন পত্র দাখিল করতে হবে। এ ব্যাপারে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

২৬। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরণের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না।

২৭। বন্দোবস্ত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না।

২৮। ইজারাকৃত জলামহালে কোন রাক্ষুসে মাছ চাষ করা যাবে না। বন্দোবস্ত গ্রহীতা সরকারি জলমহালে বিষ প্রয়োগ করে কিংবা নিষিদ্ধ ঘোষিত জাল দ্বারা বা মৎস্য আইনে নিষিদ্ধ অন্য কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না।

২৯। জলমহালসমূহের তীরবর্তী সরকারি ভূমিতে পরিবেশ বান্ধব করচ গাছের সৃষ্টি করতে হবে, যা মাছ চাষের নিরাপদ আশ্রয় ভূমি হিসেবে গণ্য হবে।

৩০। বর্তমান প্রচলিত নীতিমালা এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন বন্দোবস্ত গ্রহীতা মানতে বাধ্য থাকবেন।

৩১। জলমহালে মৎস্য সম্পদ পরিচর্যামূলক ক্ষেত্র ভিত্তিক গবেষণা ও তথ্য সংগ্রহের উদ্দেশ্যে মৎস্য বিজ্ঞানীদের অবাধ বিচরণ, তথ্য সংগ্রহ ও নিজ খরচায় মৎস্য আহরণ, পরিবেশগত তথ্য সংগ্রহ ইত্যাদি কর্মকান্ড পরিচালনার জন্য মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়ের অধিকার থাকবে।

৩২। ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত সরকারি বিধান সমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

৩৩। স্বত্ব মামলাভূক্ত জলমহাল/খাস পুকুরের ক্ষেত্রে ইজারা প্রদানের বিষয়ে বিধি নিষেধ আরোপিত না থাকলে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

৩৪। কোন জলমহাল/খাস পুকুর ইজারা প্রদান করা হয়ে থাকলে বা ইজারা কার্যক্রম গ্রহণের কোন পর্যায়ে কোন স্বত্ব মামলার উদ্ভব হলে/কোন বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা জারী হলে ইজারাকৃত মূল্য ফেরত প্রদান করা হবে না বা কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৩৫। কোন জলমহাল/ খাস পুকুর ইজারা কার্যক্রমের পর্যায়ে উর্ধ্বতন কর্তৃপক্ষসহ বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা প্রত্যাহার হলে স্বয়ংক্রিয় ভাবে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

৩৬। যে সমস্ত জলমহালের ক্ষেত্রে বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা/আদালত কর্তৃক স্বত্ব মোকদ্দমা/কিংবা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বারিত করা হয়েছে সে সমস্ত জলমহাল/খাস পুকুর এ বিজ্ঞপ্তির আওতামুক্ত থাকবে অর্থাৎ সে সমস্ত মহালের ক্ষেত্রে এ বিজ্ঞপ্তির কার্যকারিতা থাকবে না।

৩৭। সর্বাবস্থায় সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুসরণ করা হবে। অর্থাৎ এই নীতিমালার আলোকে বন্দোবস্ত প্রদান করা হবে।

৩৮। পরিপত্রের সাথে সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রদত্ত হালনাগাদ প্রত্যয়ন দাখিল করতে হবে।

৩৯। সর্বক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা
www.acl.gobindaganj.gaibandha.gov.bd

স্মারক নম্বর : ৩১.৫৫.৩২৩০.০০২.১৬.০০১.২৬-২৪

তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১) বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২) জেলা প্রশাসক, গাইবান্ধা।
৩) অফিসার ইনচার্জ, গোবিন্দগঞ্জ থানা, গাইবান্ধা।
৪) ............................................................................................ অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৫) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৬) চেয়ারম্যান, .................................... ইউনিয়ন পরিষদ (সকল), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৭) ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তা.................................................. (সকল), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৮) জনাব........................................................................, সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৯) অফিস কপি।

০৫/০১/২৬

(মো: তামশিদ ইরাম খান)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।